# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 31-12-2024** **Time: 7.50 P.M.**

<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>

১) ২০২৪-এর আজ শেষ দিন। নতুন বছরকে স্বাগত জানাতে শহর জুড়ে উৎসবের মেজাজ। অপ্রীতিকর ঘটনা রুখতে তৎপর প্রশাসন।

২) জানুয়ারি মাসে ফের দুয়ারে সরকার কর্মসূচীর আয়োজন করছে রাজ্য সরকার।

৩) বিজেপি ক্ষমতায় এলে সন্দেশখালিতে নারী নির্যাতনের তদন্তে কমিশন গঠন করা হবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন।

৪) নতুন শিক্ষাবর্ষে সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে শিক্ষক শিক্ষিকাদের জন্য বেশকিছু নির্দেশিকা জারি রাজ্য শিক্ষা দপ্তরের।

৫) উত্তুরে হাওয়া প্রবেশ করায় আগামী ২৪ ঘন্টায় রাজ্যের জেলাগুলিতে তাপমাত্রা বেশকিছুটা কমবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

---

২০২৪-এর আজ শেষ দিন। ইংরেজি নববর্ষ ২০২৫-কে স্বাগত জানাতে উৎসবের মেজাজ সর্বত্রই। ঘড়ির কাঁটায় রাত ১২ টা বাজার সঙ্গে সঙ্গে আতস বাজি ও গীর্জার ঘন্টা ধ্বনীর মধ্য দিয়ে ঘোষিত হবে নতুন বছরের সূচনা। কলকাতার পার্কস্ট্রীট, অ্যালেন পার্ক সেজে উঠেছে আলোকমালায়। বর্ষবরণ উৎসব উপলক্ষে হোটেল, রেস্তোরাঁয়

থিকথিকে ভিড়। বড়দের সঙ্গে কচিকাচারাও রঙিন পোষাক পরে মেতে উঠেছে উৎসবে। কলকাতার বাজেকদমতলা ঘাটে গঙ্গা আরতি দেখতে সন্ধ্যায় অনেকেই ভিড় জমিয়েছেন। জেলায় জেলায় চিত্রটাও একইরকম।

কোনোরকম অপ্রীতিকর ঘটনা রুখতে প্রস্তুত রয়েছে প্রশাসন। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

---------------------

ইংরেজি নতুন বর্ষের শুরুতে প্রাক্কালে অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে মেট্রো রেল আজ 'ব্লু লাইনে' তিন জোড়া অতিরিক্ত ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

দক্ষিণেশ্বর ও কবি সুভাষের মধ্যে চলাচলকারী তিনটি ট্রেন রাত ৯ টা ৪৮, ১০ টা তিন, ও ১০ টা ১৮ মিনিটে ছাড়বে।

অন্যদিকে কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বরের জন্য তিনটি ট্রেন রওনা দেবে রাত ৯ টা ৫৫, ১০ টা ১০ এবং ১০ টা ২৫ মিনিটে।

কবি সুভাষ এবং দক্ষিণেশ্বর থেকে রাত ১০ টা ৪০ মিনিটের 'স্পেশাল ট্রেন' এবং গ্রিন লাইন-এক এবং দুই, পার্পেল এবং অরেঞ্জ লাইনে মেট্রো পরিষেবা অপরিবর্তিত থাকবে।

---------------------

বাংলাদেশে সংখ্যালঘু সম্প্রদায়ের শান্তি, নিরাপত্তার জন্য আজ প্রার্থনার আয়োজন করেছে ইসকন কলকাতা। ইসকন কলকাতার এলবার্ট রোডের মন্দিরে আজ এই প্রার্থনায় যোগ দেন ইসকন কলকাতার সন্ন্যাসীরা।

---------------------

জানুয়ারি মাসে রাজ্য সরকার ফের দুয়ারে সরকার কর্মসূচি আয়োজন করছে। গতকাল সন্দেশখালির দিবস থেকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এই ঘোষণা করেছেন। ২৬ তারিখের পর জানুয়ারি মাসের শেষ সপ্তাহ ও ফেব্রুয়ারি মাসের প্রথম সপ্তাহ জুড়ে চলবে দুয়ারে সরকার কর্মসূচি। প্রত্যন্ত এলাকায় এই কর্মসূচি নেওয়া হবে। এদিকে মুখ্যমন্ত্রীর ঘোষণার পর রাজ্য সরকারের তরফে শিবির আয়োজনের প্রস্তুতি শুরু হয়েছে। রাজ্যে সরকারের পক্ষ থেকে ১২ লক্ষ মানুষকে বাংলার বাড়ির জন্য প্রথম কিস্তির টাকা প্রদান করা হয়েছে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন। দেড় বছরের মধ্যে আরও ১৬ লক্ষ মানুষ বাংলার বাড়ির টাকা পাবেন।

---------------------

বিজেপি ক্ষমতায় এলে সন্দেশখালিতে নারী নির্যাতনের তদন্তে কমিশন গঠন করা হবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। সন্দেশখালির বিএলএলআরও মাঠে আজ দুপুরে বিজেপির সদস্যতা অভিযান ও জনসংযোগ কর্মসূচির একটি সভায় শুভেন্দু বাবু বলেন সন্দেশখালিতে শাসক দলের নেতারা মহিলাদের উপর যেভাবে অত্যাচার করেছে, যেভাবে সরকারি প্রকল্পের টাকা লুট, বলপূর্বক জমি দখল হয়েছে, তা মানুষ কোনোদিন ভুলতে পারবে না।

বাইট

আন্দোলনকারী মহিলাদের মিথ্যা মামলায় ফাঁসানোর জন্য মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করারও হুঁশিয়ারি দেন বিরোধী দলনেতা। রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকার বাজার থেকে ঋণ নিয়ে রাজ্য চালাচ্ছে বলেও তার অভিযোগ।

সন্দেশখালিতে বিজেপির লোকেরাই গোলমাল পাকানোর চেষ্টা করেছিল বলে কটাক্ষ করেছেন তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক কুনাল ঘোষ।

বাইট

--------------------

তৃণমূল কংগ্রেসের সাতাশতম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আগামীকাল দলের তরফে রাজ্যজুড়ে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং এর প্রয়ানে রাষ্ট্রীয় শোক চলায় কোথাও জাতীয় পতাকা তোলা হবে না বলে দলীয় সূত্রে জানা গেছে।

দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ এক্স হ্যান্ডেলে বলেছেন যে, অনেক প্রতিকূলতা সত্ত্বেও এবছর দল পরীক্ষায় বিজয় লাভ করেছে। সাধারনের ভালোবাসা আর সংহতির জন্যেই তা সম্ভব হয়েছে বলে মুখ্যমন্ত্রী জানান।

--------------------

দিল্লিতে কাজ করা বাংলাদেশীদের চিহ্নিত করতে কোচবিহারের দিনহাটার নাজিরহাট ২ গ্রাম পঞ্চায়েতের ভারত বাংলাদেশ সীমান্তবর্তী গ্রামে দিল্লি পুলিশের একটি দল সেখানে পৌঁছেছে। গতকাল তারা সীমান্তবর্তী ছোট গাড়লঝোড়া গ্রামে বেশ কয়েকজন গ্রামবাসীর সঙ্গে কথা বলে তাদের পরিচয় পত্র সংগ্রহ করেন। এই গ্রামের যে পরিবারগুলি দিল্লিতে বসবাস করে, তারা প্রকৃতই এই গ্রামের বাসিন্দা কিনা তা যাচাই করতেই দিল্লী পুলিশের এই গ্রামে আসা বলে জানিয়েছেন স্থানীয় পঞ্চায়েত সদস্য। গ্রাম পঞ্চায়েতের তরফ থেকেও সবরকম সহায়তা করা হয়েছে বলে জানিয়েছেন তিনি।

---------------------

বাংলাদেশীদের জাল আধার কার্ড তৈরি করে দেওয়ার অভিযোগে তিন ব্যক্তিকে গ্রেপ্তার করেছে উত্তর ২৪ পরগণার হাবড়া থানার পুলিশ। জানা গেছে, হাবড়ার বয়রাগাছি এলাকার বাসিন্দা সায়েম হোসেন এবং মানিকতলা এলাকার মিন্টু দাস ও অমিত মন্ডল ভুয়ো আধার কার্ড তৈরি করে দিত। মহম্মদ মতিয়ূর রহমান নামে বাংলাদেশের নাটোরের এক বাসিন্দা ছাড়াও বরিশালের সন্ধ্যা রায় ও তার মেয়ে সুপর্ণার জাল ভারতীয় নথি তারা তৈরি করে দেয়। ঐ তিন বাংলাদেশীকেও পুলিশ গ্রেপ্তার করেছে। উদ্ধার হয়েছে দুটি আধার কার্ড। ধৃত বাংলাদেশীদের কাছে এদেশে আসার বৈধ কোনো নথি পাওয়া যায়নি বলে পুলিশ সূত্রে খবর। ধৃত ৬ জনকে আজ বারাসাত আদালতে তোলা হলে ৩ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

---------------------

আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগের বিভিন্ন পদে ক্যাজুয়াল চুক্তিভিত্তিক নিয়োগের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত। সফল পরীক্ষার্থীদের নামের তালিকা আকাশবাণী ভবনের রিসেপশন এবং সংবাদ বিভাগের সামনে টাঙানো থাকবে। আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগের সমস্ত সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এই তালিকা দেখতে পাওয়া যাবে।

---------------------

নতুন শিক্ষাবর্ষে সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত বিদ্যালয়ে শিক্ষক শিক্ষিকাদের জন্য বেশ কিছু নির্দেশিকা জারি করা হয়েছে। মধ্যশিক্ষা পর্ষদের তরফে যে অ্যাকাদেমিক ক্যালেন্ডার ও টিচার্স ডায়রি প্রকাশ করা হয়েছে সেখানে বিদ্যালয়ে

পড়ুয়াদের মোবাইল ফোন ব্যবহারের উপরে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। শিক্ষক শিক্ষিকারা ক্লাস ও ল্যাবের ভিতরে ফোন ব্যবহার করতে পারবেন না। পড়াশুনোর সুবিধার জন্যে ক্লাসে মোবাইল ব্যবহার করতে হলে প্রধান শিক্ষকের কাছ থেকে আগাম অনুমতি নিতে হবে বলে জানানো হয়েছে। পাশাপাশি শিক্ষক শিক্ষিকা সহ সব কর্মীদের সকাল ১০ টা ৩৫ মিনিটের মধ্যে বিদ্যালয়ে আসার কথা বলা হয়েছে।

--------------------

রাজ্যের স্কুলগুলিতে গ্র্যাজুয়েশন সেরিমনি পালনের নির্দেশ দেওয়া হলেও এর জন্য কোণ অর্থবরাদ্দ করা হয়নি বলে বঙ্গীয় প্রাথমিক  শিক্ষক সমিতি অভিযোগ করেছে। সমিতি অবিলম্বে এই বাবদ অর্থ বরাদ্দ সহ প্রাথমিক বিদ্যালয়ের  জন্য কম্পোজিট গ্র্যান্ট প্রদানেরও দাবি জানিয়েছে। বঙ্গীয় প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক  আনন্দ হান্ডা একাধিক দাবিদাওয়া নিয়ে ইতমধ্যেই রাজ্যের শিক্ষা মন্ত্রীকে চিঠি দিয়েছেন।

উল্লেখ্য, গত বিশে ডিসেম্বর রাজ্য শিক্ষা দপ্তর পয়লা জানুয়ারি থেকে ৮ই জানুয়ারি পর্যন্ত স্কুলে স্কুলে 'গ্র্যাজুয়েশন সেরিমনি' পালনের নির্দেশ দিয়েছে। নবীন বরণ, মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা বার্তা বিলি, ক্যুইজ-অঙ্কন-আবৃত্তি-সরব পাঠ এমনকি এমনকি ফুড ফেস্টিভ্যালের মতো অনুষ্ঠান আয়োজন করতে বলা হয়েছে।

--------------------

আকাশবাণী কলকাতার হেড অফ অফিস আশিস কুমার দে ৩২ বছরের কর্ম জীবনের শেষে আজ অবসর নিয়েছেন। ইন্ডিয়ান ইঞ্জিনিয়ারিং সার্ভিসের আধিকারিক হিসাবে ১৯৯২ সালে চৌঠা জুন তিনি গুয়াহাটি দূরদর্শনে তাঁর কর্মজীবন শুরু করেন।

পরবর্তী সময়ে কলকাতা, গ্যাংটক, কোহিমা দুরদর্শনে কাজ করেন। এছাড়া আকাশবাণী জেপুর এবং কলকাতার অফিসেও গুরুত্বপূর্ণ পদে আসীন ছিলেন।

---------------------

Indian Information Service এর বর্ষীয়ান আধিকারিক পার্থ ঘোষ ৩৭ বছরের কর্মজীবন শেষে আজ অবসর নিলেন। ১৯৮৭ সালে তিনি এই সার্ভিসে যোগ দেন। দীর্ঘ কর্মজীবনে তিনি আকাশবানী ও দূরদর্শনের সংবাদ বিভাগে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে প্রায় ২৫ বছর কাজ করেছেন। সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশনের নির্দেশক পদ থেকে অবসর গ্রহণের আগে প্রেস ইনফরমেশন ব্যুরো, আর এন আই এবং সেন্ট্রাল বোর্ড অফ ফিল্ম সার্টিফিকেশনের আঞ্চলিক আধিকারিক হিসাবেও কাজ করেছেন।

---------------------

উত্তুরে হাওয়া অবাধে প্রবেশ করায় নতুন বছরের শুরুতেই রাজ্যে শীত চেনা ছন্দে ফিরতে চলেছে। আবহাওয়া দপ্তরের তথ্য অনুযায়ী, আগামী ২৪ ঘন্টায় রাতের তাপমাত্রা ২ থেকে ৩ ডিগ্রী কমতে পারে। পাশাপাশি রাজ্যের বিভিন্ন জেলায় হালকা থেকে মাঝারি কুয়াশার পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। আজ কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭.৩ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের চেয়ে ৩.৫ ডিগ্রী বেশি। সর্ব্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের থেকে প্রায় ৩ ডিগ্রি কমে ২২ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াসে দাঁড়িয়েছে।

---------------------

বাংলা আজ জাতীয় ফুটবল সন্তোষ ট্রফির ফাইনালে কেরালার মুখোমুখি হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত খেলা গোলশূন্য।

সেকেন্দ্রাবাদে বিজয় হাজারে ট্রফি ক্রিকেটে বাংলা আজ ২৪ রানে কেরলকে হারিয়ে দিয়েছে। ঐ মাঠেই বাংলার পরের ম্যাচ বিহারের বিরুদ্ধে।

-------------------- --------------------